Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৵৹ আনা, এক মাসের জন্য প্রাত লাইন প্রাত বার ।৹ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বাষিক মূল্য ২৲ টাকা

নগদ মূল্য ৴৹ এক আনা।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ মুর্শিদাবাদ।

হাতে কাটা
বিশুদ্ধ পৈতা
পণ্ডিত-প্রেসে পাইবেন।

অরবিন্দ এণ্ড কোং
মহাবীরতলা পোঃ জঙ্গিপুর (মুর্শিদাবাদ)
ঘড়ি, টর্চ, ফাউণ্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্ এখানে নূতন কিনিতে পাইবেন।
এখানে সকল প্রকার সেলাই মেসিন, ফটো ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।

৪১শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২২শে ভাদ্র বুধবার ১৩৬১ ইংরাজী 8th Sept. 1954 { ১৭শ সংখ্যা



সকল ঘরের তরে...

দীপ্তি লণ্ঠন

ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

C. P. SERVICE

অগ্রগতির পথে নূতন পদক্ষেপ

হিন্দুস্থান তাহার যাত্রাপথে প্রতি বৎসর নূতন নূতন সাফল্য, শক্তি ও সমৃদ্ধির গৌরবে দ্রুত অগ্রসর হইয়া চলিয়াছে।

নূতন বীমা (১৯৫৩)

১৮ কোটি ৮৯ লক্ষের উপর

হিন্দুস্থানের উপর জনসাধারণের অবিচলিত আস্থার উজ্জ্বল নিদর্শন।

ভারতীয় জীবন বীমার ক্ষেত্রে

পূর্ব্ব বৎসর অপেক্ষা ২.কোটি ৪২ লক্ষ বৃদ্ধি

সমসাময়িক তুলনায় সর্ব্বাধিক

হিন্দুস্থান কো-অপারেটিভ
ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড,
হিন্দুস্থান বিল্ডিংস, কলিকাতা—১৩

শাখা অফিস ঃ ভারতের সর্ব্বত্র ও ভারতের বাহিরে

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

২২শে ভাদ্র বুধবার সন ১৩৬১ সাল।


# কোন্‌টি তোমার আসল নাম—শুধাই তোমারে

লীলাময় ভগবানকে নানাভাবে নানা নাম ধারণ করিতে দেখিয়া এক জিজ্ঞাসু ভক্ত গাহিয়াছিলেন—


হরি ! কোন্‌টি তোমার আসল নাম
শুধাই তোমারে।
( তোমায় ) যে যা বলে, তাতেই মিলে,
বুঝতে নারি ব্যাভারে।
( তুমি ) কারো খোদা, কারো বা হরি,
( কারো ) গণপতি, মারুতি হেরি,
( তুমি ) সত্যনারায়ণ, মুশকিল আসান
আলো কর আঁধারে।
( শুধাই তোমারে )
উৎকলেতে তুমি জগন্নাথ,
নভায় দু'ভাই, গৌউর নিতাই,
( হরি হে ) রোগীর তারকনাথ,
তুমি দ্বাদশ গোপাল, জেলের মাকাল,
বিধাতা আঁতুর ঘরে।
( শুধাই তোমারে )
রাধার প্রেমে হইয়ে মাতাল,
বৃন্দাবনে বল্লে সখা—যতেক রাখাল,
( তুমি ) নন্দালয়ে গোপাল হ'লে
জন্মদাতা ভুল ক'রে।
( শুধাই তোমারে )

আমাদের মহকুমায় একটি উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মহাশয় একাধারে বহু পদ অধিকার করিয়া আছেন, আমরা গত সপ্তাহে তাঁহার সম্বন্ধে সামান্য কিঞ্চিৎ উল্লেখ করিয়াছি। আমরা গতবারে উল্লেখ করিতে ভুলিয়া গিয়াছি—তিনি জঙ্গিপুর মহকুমার শিক্ষক সমিতির সেক্রেটারী। (১) তিনি উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক (২) মুর্শিদাবাদ জেলাবোর্ডের সভ্য (৩) একখানি সাপ্তাহিকের সম্পাদকমণ্ডলীর একজন। (৪) জঙ্গিপুর মহকুমার শিক্ষক সমিতির সেক্রেটারী। (৫) যে কোন নির্ব্বাচনের হুজুগ লাগিলেই কোন পক্ষ না কোনও পক্ষ অবলম্বন করিয়া ব্যস্ত থাকিবেনই। সুতরাং মধ্যশিক্ষা কমিশনের নিকটে তাঁহার বহুমুখী প্রতিভার কিঞ্চিৎ কিঞ্চিৎ পরিচয় প্রদান করা কর্ত্তব্য বলিয়া বোধ করিলাম। তাঁহার মুখ্য কর্ম্ম স্কুলের প্রধান শিক্ষকতা সে কথা অস্বীকার করা যায় না। পত্রিকার অন্যতম সম্পাদক। পত্রিকাখানি যে প্রেসে মুদ্রিত হয়, তাহারও শুভকামনা করাও স্বাভাবিক। সে প্রেসে উর্দ্দু প্রশ্ন ছাপার সরঞ্জাম নাই। তবুও সেই প্রেসের মারফৎ ছাপান হইলে প্রেসের কিছু লাভ হওয়া সম্ভব। সুতরাং তাহার মারফতই ছাপান হইল। আমরা তাঁহার কর্ম্মপদ্ধতি স্কুলের ম্যানেজিং কমিটির কর্ণধারগণের দৃষ্টি আকর্ষণ জন্য উক্ত প্রশ্নের ফটো ব্লক করিয়া একবার ১৯৫৩।২৯শে এপ্রিল তারিখের 'জঙ্গিপুর সংবাদে' প্রকাশ করিয়াছিলাম। সেই ব্লক এবারও ছাপাইয়া স্কুলের স্বার্থ ও প্রেসের স্বার্থে সংঘর্ষ দেখাইবার চেষ্টা করিলাম।

বাৎসরিক পরীক্ষা—১৯৫২ Class VIII এর উর্দ্দু


৪ নিম্নলিখিত প্রশ্নগুলির বাংলায় উত্তর লেখ।

বাৎসরিক পরীক্ষা—১৯৫২ Class IX এর উর্দ্দুর ২য় পৃষ্ঠার প্রথম ৮ পংক্তি



আমরা স্কুলের নাম উল্লেখ না করিয়া কেবল উর্দ্ধের প্রশ্নের ফটো ব্লক ছাপাইয়া দিয়াছিলাম। ইস্কুলের কয়েকজন মেম্বর আমাদের "জঙ্গিপুর সংবাদে"র পাঠক, তাহা ব্যতীত কোন কোন মেম্বরের নামে সেই সংখ্যা কাগজ পাঠাইয়া দিয়াছিলাম। প্রশ্ন ছাপানো ব্যাপারের আলোচনার জন্য এক সভার বিষয় বলিয়া উল্লেখ করাও হয়। শোনা গেল—যেদিন স্কুলের সভাপতি (S. D. O.) অনুপস্থিত ছিলেন, সেই দিন কিয়ৎক্ষণ আলোচনার পর হেডমাষ্টার বাবু যাহা করিয়াছেন ঠিকই করিয়াছেন বলিয়া সিদ্ধান্ত করা হয়।

প্রেস কমিশন ইহার দ্বারা প্রধান শিক্ষকের স্কুলের কার্য্যের পারিপাট্য ও মেম্বরগণের তৎসম্বন্ধে আন্তরিকতা ইচ্ছা করিলে এই দৃষ্টান্ত দ্বারা অনুমান করিতে পারিবেন।

হেডমাষ্টার মহাশয় আবার জঙ্গিপুর মহকুমার স্কুল সমূহের শিক্ষক সমিতির সেক্রেটারী। স্থানীয় সাপ্তাহিক পত্রিকার অন্যতম সম্পাদক। একটি ব্যাপারেই উভয় কর্ম্মে নিষ্ঠা ও নৈপুণ্যের প্রমাণ পাওয়া যাইবে।

১৯৫৩।২রা আগষ্ট হইতে ৯ই আগষ্ট ছিল "শিক্ষক দাবী-সপ্তাহ"। সম্পাদকীয় স্তম্ভে "শিক্ষক দাবী-সপ্তাহ" শীর্ষক প্রবন্ধ বাহির হইল। শেষ প্যারায় আছে—( ১৩ই আগষ্ট ৫৩ )

* * * * * * * *

"সমগ্র পশ্চিমবঙ্গে এই শিক্ষক সপ্তাহ উপলক্ষে সভা সমিতি অনুষ্ঠিত হইয়াছে, শিক্ষকেরা জনসাধারণকে তাঁহাদের অবস্থা যথাযথ বুঝাইয়াছে ( ন ? ), শোভাযাত্রা করিয়াছে ( ন ? ), এবং চাঁদা সংগ্রহ করিয়াছে ( ন ? )। আমাদের মহকুমায় প্রায় দশ বারটি উচ্চ বিদ্যালয় আছে এবং উপযুক্ত সংখ্যক শিক্ষকও আছে ( ন ? )। শিক্ষক সপ্তাহের কোন শব্দ-সাড়া ত পাওয়া গেল না সারা মহকুমা জুড়িয়া। আন্দোলন কেন, শিক্ষকজনের মধ্যে কোনরূপ চাঞ্চল্যও ত পরিলক্ষিত হইল না। এ বিষয়ে কি তাঁহাদের কোন সমর্থন নাই না সাধারণভাবে শিক্ষক সমাজের কোন সুযোগ সুবিধা হইয়া গেলে, তাহার সুফল হইতে তাঁহারাও বঞ্চিত হইবেন না এইরূপ ভাবিয়াই মহকুমার শিক্ষক সমাজ এইরূপে নির্ম্মম উপেক্ষায় এই পুণ্য সপ্তাহ কাটাইয়া দিলেন জানি না।"

পর সপ্তাহে ২০শে আগষ্টের হেডমাষ্টার বাবুদের সম্পাদিত পত্রিকায় জঙ্গিপুর মহকুমার শিক্ষক সমিতির সভাপতি, কাঞ্চনতলা হাইস্কুলের শিক্ষক সমিতির সম্পাদক শ্রীমদনমোহন বন্দ্যোপাধ্যায় মহাশয়ের এক পত্র প্রকাশিত হইল—

"গত ৮ই আগষ্ট কাঞ্চনতলা হাইস্কুলের শিক্ষকগণের উদ্যোগে এবং গত ৯ই আগষ্ট কাঞ্চনতলা ধুলিয়ান জনসাধারণের উদ্যোগে কাঞ্চনতলা হাইস্কুল হলে জনসভায় শিক্ষকগণের দাবীর কথা বিশদ আলোচনা হইয়া জনসাধারণ শিক্ষকগণের দাবীর পূর্ণ সমর্থন করিয়াছেন। প্রায় শতাধিক পতাকা এবং পাঁচশত কুপন ছাত্র এবং অভিভাবকগণের মধ্যে বিক্রীত হইয়াছে। শিক্ষকগণের আবেদনের সমর্থনে পাঁচ শতাধিক স্বাক্ষর সংগ্রহ হইয়াছে এবং আরও স্বাক্ষর সংগ্রহের কার্য্য চলিতেছে।

এর পূর্ব্ব সপ্তাহে পত্রিকার সম্পাদকমণ্ডলী মহকুমার হাইস্কুলের শিক্ষকবর্গের উদ্দেশে যে বাক্যবাণ প্রয়োগ করিয়াছেন, এই চিঠি প্রকাশ করিয়াও তাঁহাদের অন্যায় মন্তব্য প্রত্যাহার বা সে মন্তব্যের জন্য কোনও দুঃখ প্রকাশের সৌজন্য দেখানো কর্ত্তব্য বোধ করেন নাই।

তাহা হইলে হেডমাষ্টার, পত্রিকার সম্পাদক, মহকুমা শিক্ষক সমিতির সেক্রেটারী এই সমস্ত পদের কর্ত্তব্য-পরায়ণতার প্রমাণসহ উপস্থিত করিলাম। নিজে শিক্ষক, শুধু শিক্ষক নহেন, প্রধান শিক্ষক, সারা মহকুমার শিক্ষক সমিতির সেক্রেটারী হইয়া শিক্ষক দাবী পুণ্য সপ্তাহে কোন অংশ গ্রহণ করিলেন না অথচ পত্রিকায় অনেকের কার্য্যে দোষারোপ করিবার স্পর্দ্ধা দেখাইতেও লজ্জা বোধ করিলেন না। ইঁহাকে জিজ্ঞাসা করা দোষের হয় কি

"কোন্‌টি তোমার আসল নাম?"
শুধাই তোমারে।

---

# নিলামের ইস্তাহার

## চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

## *নিলামের দিন ৮ই নভেম্বর ১৯৫৪*

১৯৫৪ সালের ডিক্রীজারী

৫০৬ থাং ডিঃ কুমার বীরেন্দ্রনাথ রায় বাহাদুর দেং ব্যোমকেশ রায় দাবি ১৩৷৵৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে বীরেন্দ্রনগর ৭৫ শতকের কাত ৩৴০ আঃ ৫৲ খং ১০৮

৫০০ থাং ডিঃ ঐ দেং বসন্তকুমার সাহা দিং দাবি ২২।০ থানা রঘুনাথগঞ্জ মৌজে রঘুনাথপুর ৪৮ শতকের কাত ২৲ আঃ ১০৲ খং ১৭৫

৪৯৮ থাং ডিঃ ঐ দেং হাজী আমিরুদ্দিন মুন্সী দাবি ১৮৷৬ থানা ঐ মৌজে রাজানগর ১-০১ শতকের কাত ১৷৴০ আঃ ১০৲ খং ৩৯

৫০৪ থাং ডিঃ ঐ দেং নলিনীসুন্দরী দাসী দাবি ৯৯৶৬ মৌজাদি ঐ ৫-৯২ শতকের কাত ১৫৸৵৪ আঃ ৫০৲ খং ১৫৫ অধীনস্থ খং ১৫৬।১৫৭।১৫৮

১৮৬ থাং ডিঃ ফুলচাঁদ শেঠী দেং ফুটুক সেখ ওরফে পাতান সেখ নাবালক পক্ষে অলি মাতা স্বয়ং রুমেশা বেওয়া দাবি ২৮৸৵৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে নসীপুর ২-৬৫ শতকের কাত ৮৷৵০ আঃ ১০০৲ খং ৫৭ অধীনস্থ ২৭৫

১৮৮ থাং ডিঃ ঐ দেং ফুটুক সেখ ওরফে পাতান সেখ নাবালক অলি মাতা স্বয়ং রুমেশা বেওয়া দিং দাবি ৩৪৷৶৬ মৌজাদি ঐ ৮-৯৯ শতকের কাত ১৯৵০ আঃ ১০০৲ খং ৫৬

৪৮৮ থাং ডিঃ সুধীরেন্দ্রনাথ রায় দিং দেং রমণীরঞ্জন দাস দিং দাবি ৪৩৬৷৶৩ থানা সুতী মৌজে হিলোড়া ২৭০২ শতকের কাত ৫৯৸৶২, সেস ৬৷৵১১ শিক্ষাসেস ৮৸৶০ আঃ ২০০৲ খং ১৭৭৬

৩৩২ থাং ডিঃ মনোহর দাস মহান্ত দেং আবদুল রহমান বিশ্বাস দিং দাবি ১৭৷৴০ থানা রঘুনাথগঞ্জ মৌজে ভাবকী ৭০ শতকের কাত ১৲ আঃ ৫৲ খং ৮৭

৩৩৫ থাং ডিঃ ঐ দেং আতারুদ্দিন বিশ্বাস দিং দাবি ৩০৲৬ থানা ঐ মৌজে খড়কাটী ১১৭ শতকের কাত ২৵৬ আঃ ৫৲ খং ১০১

৮ রেহাণ ডিঃ সৌদামিনী দেবী দেং ইশিমতুল্লা সেথ দিং দাবি ৪৯৭৮/০ থানা রঘুনাথগঞ্জ মৌজে বড়শিমুল ও খোদরামপুর ১-২৮ শতকের কাত ৩৬৮ আঃ ২০০৲ খং ৫৯১।২৩০ ২নং লাট থানা ঐ মৌজে বড়শিমুল ২৩ শতকের কাত খাজনার যোগ্য রেকর্ড আঃ ২৫৲ খং ৮৮ ৩নং লাট মৌজাদি ঐ ১৬ শতক জমির কাত ১৶২ আঃ ২৫৲ খং ৮৭ ৪নং লাট মৌজাদি ঐ ২৩ শতকের কাত ৩৶৩ আঃ ৫০৲ খং ৪৮৫ ৫নং লাট মৌজাদি ঐ ৩১ শতকের কাত ৩৲ আঃ ৫০৲ খং ৫০০

---

## চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত
## নিলামের দিন ১৫ই নভেম্বর ১৯৫৪

১৯৫৪ সালের ডিক্রীজারী

১৩৩ খাং ডিঃ বিমল সিংহ কুঠারী দেং অমূলক চাঁদ কুমাট দাবি ২০৫৩ থানা সাগরদিঘী মৌজে ব্রাহ্মণীগ্রাম ৩৫ শতকের কাত ১।/৯ আঃ ৫০৲ খং ৩৫০

২২১ খাং ডিঃ বীণাপাণি দেবী দিং দেং আবুল হোসেন দিং দাবি ৩১।৶০ থানা সাগরদিঘী মৌজে অলঙ্কার ৫৫ শতকের কাত ৩।০ আঃ ১০৲ খং ১১৫

২২৮ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৪২।৶৩ মৌজাদি ঐ ১-২৯ শতকের কাত ৫।/৯ আঃ ১০৲ খং ১৭৬

৩ খাং ডিঃ দিলীপকুমার সেন দিং দেং জগন্নাথ মণ্ডল দিং দাবি ৮১০।৩ থানা সাগরদিঘী মৌজে চণ্ডিগ্রাম রঘুনাথপুর ৩-৪৯ শতকের কাত ৩০/০ মণ ধান্য ( ৮২॥৶০ ওজনের ) আঃ ৫০৲ খং ৮৮২, ১০৪৭ ও ১০৫৯ রায়ত স্থিতিবান স্বত্ব

২২৫ খাং ডিঃ ৺রঘুনাথ দেব ঠাকুরের সেবাইত মহান্ত গণপতি দাস গোস্বামী দেং সুচিত্রাবালা দাসী দিং দাবি ১৮৶৩ থানা সাগরদিঘী মৌজে সাগরদিঘী ২৭ শতকের কাত ১।৶১৫ আঃ ৫৲ খং ১১৮

২২৯ খাং ডিঃ নেহালিয়া ট্রাষ্ট ষ্টেটের ট্রাষ্টিগণ রায় সুরেন্দ্রনারায়ণ সিংহ বাহাদুর দিং দেং আশিস কুমার মুখোপাধ্যায় নাবালক পক্ষে অলি পিতা রামরঞ্জন মুখোপাধ্যায় দাবি ২৩৶৩ থানা সাগরদিঘী মৌজে নওপাড়া ৪২ শতকের কাত ২।৶৩ আঃ ১০৲ খং ২৩৫।২৪৪


# পূর্ণপাত্র
## শূন্য হয়ে আসে ধীরে ধীরে



M.P. 643

মৃত্যুর নিকষকালো তিমিরাবরণ ভেদ ক'রে — মৃত্যুজয়ীবীরদের অমর বাণী ভেসে আসছে অনির্বাণ জ্যোতিতে যুগে যুগে মানবসভ্যতাকে বর্বরতার সঙ্কট থেকে পরিত্রাণ দিতে। বুদ্ধ, সক্রেটিস্, শেকসপীয়র, রবীন্দ্রনাথ — সভ্যতার বন্দনীয় পূজারীর দল আজও আছেন অক্ষয় আলোকে বেঁচে মানব ইতিহাসের মণিময় হর্ম্যে। কালের অমোঘ নিষ্ঠুর হস্তে চূর্ণ বিচূর্ণ হ'য়ে গেছে অগণিত ইতিবৃত্তের ভঙ্গুর তুচ্ছ খেলনা; নামহীন কীর্ত্তিহীন অন্ধকারের অতলে তলিয়ে গেছে কত কত সভ্যতার বিজয়োদ্ধত তোরণ; তবুও সভ্যতার অমরদীপবর্ত্তিকা হাতে ইতিহাসকে যে এগিয়ে নিয়ে চলেছে অনন্ত আলোকে, বিচিত্র ধারায়, নব নব সম্ভাবনার পথে; মৃত্যুর মুখ থেকে যে ছিনিয়ে নিয়ে চলেছে জ্ঞানের অমৃতভাণ্ডকে ভাবীকালের মানব বংশীয়দের জন্য — সেই মহান্ উদার, সভ্যতার সুহৃৎ অন্যকেউ নয়, সে আমাদের অতিপরিচয়ের সীমারেখাবদ্ধ — কাগজ

## রঘুনাথ দত্ত এণ্ড সন্স

সর্বপ্রকার কাগজ ও ছাপার কালি বিক্রেতা

"ভোলানাথ ধাম" — ৩৩।২, বিডনষ্ট্রীট, ও ২০, মিনাগন্‌ ষ্ট্রীট — কলিকাতা ; ৩১-১, পটুয়াটুলি, ঢাকা


২৩০ খাং ডিঃ ঐ দেং রঘুনাথ চৌধুরী দিং দাবি ৫১৶০ মৌজাদি ঐ ৪-৮৯ শতকের কাত ১৮॥০ আঃ ১০৲ খং ১১ অধীনস্থ খং ৩৩৫।৩৩৬

২৩১ খাং ডিঃ ঐ দেং জামর্দ্দী বিশ্বাস দাবি ২১।৶০ থানা ঐ মৌজে চামুণ্ডা ৮০ শতকের কাত ২॥৫ আঃ ১০৲ খং ৩৩

২৩৭ খাং ডিঃ ঐ দেং অমরেন্দ্রশেখর মার্জ্জিত দিং দাবি ৩৪৲ থানা ঐ মৌজে ঈশ্বরবাটী ২-৫৬ শতকের কাত ৭।০ আঃ ৫৲ খং ১৭

২৩২ খাং ডিঃ রায় অনিলকুমার চট্টোপাধ্যায় বাহাদুর দিং দেং আবুল কাশেম সেথ দাবি ৩০৮/৯ থানা সাগরদিঘী মৌজে চর মথুরাপুর ৭০ শতকের কাত ৩॥৶৩ আঃ ৫৲ খং ২৫৫ ও ২৫৬

২৩৩ খাং ডিঃ নরেশচন্দ্র বসু দেং মোড়ল মাঝি দিং দাবি ৬৮৮/৯ থানা সাগরদিঘী মৌজে কাঁচিয়া বিষ্ণুডাঙ্গা ২-২৫ শতকের কাত ১০॥৶৬ আঃ ১০৲ খং ৫১৮


২৩৬ খাং ডিঃ সেবাইত রাজা প্রতিভানাথ রায় দেং রূপেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় দাবি ৫১৮/০ থানা সাগরদিঘী মৌজে যাদবপুর ৩-৫৮ শতকের কাত ৮৶৩ আঃ ২৫৲ খং ২৬৬।২৬৭।২৬৮।২৬৯

২৪০ খাং ডিঃ ঐ দেং ইউনুস সেথ দিং দাবি ৬৪।৯ থানা ঐ মৌজে মহীপাল ৩-২৪ শতকের কাত ৮॥৶৯ আঃ ১০৲ খং ১০৮

---

## গো-রক্ষণোদ্যমে গো-মাতার বুকের ভাষা

—:০:—



*দোহ ! দোহ !! দোহ !!!*

দিবানিশি দোহ,
বেঁধে রেখে মোর বৎসরে।
আমার বংশ করিও ধ্বংস
প্রতি বৎসরে বৎসরে !

ঘাস খেতে দাও. দুধ দুয়ে নাও,
বাছুরে রাখি অভুক্ত।
ইহার বদলে, ছুরি দিয়া গলে
গো-জন্মে করিও মুক্ত।

মোর পুত্র যারা, হাল টানে তারা,
বোঝাই গাড়ীও টানে—
তোমরা মশাই, সবাই কসাই
তিলে তিলে মারো প্রাণে।

দুধ খেয়ে নাও, গাড়ীও টানাও
লাগাও লাঠির গুতো
বলিহারী দোস্ত, কেটে খাও গোস্ত,
চামড়ায় কর জুতো।

হিঁদুদের বাণী—করোনা কোরবাণী
ইশ্লাম ভায়া তুমি।
হিন্দু জমিদার, প্রজাবিলি করে
যতেক গো-চর ভূমি।

গলে ছুরি দিয়া মারিছে ইশ্লাম
তিলে তিলে মারে হিন্দু।
হিঁদু মুসলমান, উভয়ে সমান
দয়া নাই এক বিন্দু।

———

### ডাকাত গ্রেপ্তার

পুলিশ ৩০শে আগষ্ট রাত্রে বেলডাঙ্গায় ৫ জনকে গ্রেপ্তার করে। তাহাদের সঙ্গে একটি বন্দুক ও ১২ রাউণ্ড তাজা কার্ত্তুজ ছিল। তাহারা বেলডাঙ্গা থানার সারগাছির কোনস্থানে ডাকাতি করিতে যাইতেছিল বলিয়া সন্দেহ করা হইতেছে। আটক বন্দুকটি বেলডাঙ্গায় কিছুদিন পূর্ব্বে অনুষ্ঠিত এক চুরির চোরাই মাল বলিয়া বিশ্বাস।

### রাজ্যসভায় শ্রীসুরেশ মজুমদারের আসন

উপনির্ব্বাচনে ভোটগ্রহণের সময় ধার্য্য

শ্রীসুরেশচন্দ্র মজুমদারের মৃত্যুহেতু রাজ্যসভায় যে আসনটি শূন্য হইয়াছে তাহা পূরণের নিমিত্ত উপনির্ব্বাচনে ১৯৫৪ সালের ১১ই সেপ্টেম্বর বেলা ১০টা হইতে বেলা ৪টা পর্য্যন্ত ভোট গৃহীত হইবে বলিয়া স্থির হইয়াছে। কলিকাতা ব্যবস্থা-ভবনের বিধানকক্ষে ভোট গৃহীত হইবে। (প্রেস নোট)



## Notice.

It has been represented to us by Mr. Dulu Pada Sen holder of our policy No. 532257 issued in his favour that the said policy has been burnt and that it was not in any manner transferred or encumbered. Unless valid objections are received at this office within 15 days from the date hereof, the said policy will be cancelled and a duplicate policy issued in his name.

Secretary,
HINDUSTHAN CO-OPERATIVE
INSURANCE SOCIETY, LTD.
Dated, 6. 9. 1954.


## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

*নিলামের দিন ৮ই নভেম্বর ১৯৫৪*

১৯৫৪ সালের ডিক্রীজারী

৪৯৪ থাং ডিঃ কুমার বীরেন্দ্রনাথ রায় বাহাদুর দেং জল্লুরহমান দিং দাবি ৪৮।৩ থানা রঘুনাথগঞ্জ মৌঃ রাণীনগর ১-৩৩ শতকের কাত ৬৫০ আঃ ২৫, থং ২

৪৯৫ থাং ডিঃ ঐ দেং নলিনাক্ষ চৌধুরী দিং দাবি ২৯॥৶৬ থানা ঐ মৌজে দিয়ার রঘুনাথপুর ২-৩৭ শতকের কাত ৩॥১০ আঃ ১০, থং ২৪

৪৯৭ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১২৶৬ মৌজাদি ঐ ১৫ শতকের কাত।৶০ আঃ ৫, থং ২৩

৪৯৬ থাং ডিঃ ঐ দেং ব্যোমকেশ রায় দাবি ১১॥০ থানা ঐ মৌজে বীরেন্দ্রনগর ৪৫ শতকের কাত ১।৵০ আঃ ৫, থং ৪৫


৪৯৯ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১২৸৵৬ মৌজাদি ঐ ১-৩৩ শতকের কাত ২॥১৭॥০ আঃ ৫, থং ১১০

৫০১ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৭৸৶৯ মৌজাদি ঐ ১-৫৭ শতকের কাত ৬।৵১০ আঃ ১০, থং ১০৫

৫০২ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৪, মৌজাদি ঐ ৮৪ শতকের কাত ৩।৶০ আঃ ৫, থং ৪৬

৫০৩ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৩৸৵০ মৌজাদি ঐ ৭৯ শতকের কাত ৩।৵০ আঃ ৫, থং ৪৭

———




দি আর্ট ইউনিয়ন প্রিণ্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম: "আর্টইউনিয়ন" টেলিফোন: বড়বাজার ৪১১২

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি

ও

ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুর‍্যাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়

আমেরিকায় আবিষ্কৃত

ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—




আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১৷৷০ টাকা ও মাশুলাদি ১৵০ এক টাকা এক আনা।

সোল এজেণ্টঃ—ডাঃ ডি, ডি, হাজরা

ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পাণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত